BANGLADESH GARMENT MANUFACTURERS
& EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং- বিজিএ/হেলথ/২০২১/১৯৬ ২৯ নভেম্বর ২০২১

## সম্মানিত সকল সদস্যদের জন্য

**বিষয়ঃ** <u>নতুন কোভিড - ১৯ ভ্যারিয়েন্ট ওমিক্রন (**B.1.1.529**) নিয়ন্ত্রণ ও প্রতিরোধ প্রসঙ্গে</u>।

সূত্রঃ স্বাঃ/অধিঃ/রোঃ নিঃ/আই এইচ আর/কোয়ারেন্টিন/২০২১/২৯৬৬ তারিখঃ ২৮ নভেম্বর ২০২১

প্রিয় মহোদয়,

আস্সালামু আলাইকুম।

স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখা কর্তৃক জারীকৃত সূত্রোক্ত পত্রের অনুলিপি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্বসঙ্গে প্রেরন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে এক পাতা

ধন্যবাদান্তে,

২৯/১১/২০২১

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রোগ নিয়ন্ত্রণ শাখা
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃ/অধিঃ/রোঃনিঃ/আইএইচআর/কোয়ারেন্টিন/২০২১/২৭৬৬ তারিখ: ২৮/১১/২০২১ খ্রিঃ

বিষয়: নতুন কোভিড-১৯ ভ্যারিয়েন্ট ওমিক্রন (B.1.1.529) নিয়ন্ত্রণ ও প্রতিরোধ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাউথ আফ্রিকা ও অন্যান্য দেশে নতুন ধরনের করোনা ভাইরাস সাউথ আফ্রিকান ভ্যারিয়েন্ট ওমিক্রন (B.1.1.529) এর সংক্রমণ দেখা দেওয়ায় অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে। World Health Organization (WHO) সকল দেশসমূহকে উক্ত ভ্যারিয়েন্ট সম্পর্কে সতর্ক করেছেন। যুক্তরাজ্য সহ অনেক দেশ সাউথ আফ্রিকা, নামিবিয়া, জিম্বাবুয়ে, বতসোয়ানা, এসওয়াতিনি এবং লেসোথো এর সাথে আকাশ পথে যোগাযোগ বন্ধ করেছে। করোনা ভাইরাসের এই ভ্যারিয়েন্ট টি ডেল্টা ভ্যারিয়েন্ট হতেও অধিক সংক্রামক বলে বিশেষজ্ঞগণ মতামত প্রকাশ করেন। তাই এই ভাইরাস দ্রুত ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে।

কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করার লক্ষ্যে দেশব্যাপী নিম্নোক্ত পদক্ষেপ সমূহ কঠোর ভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

- সাউথ আফ্রিকা, নামিবিয়া, জিম্বাবুয়ে, বতসোয়ানা, এসওয়াতিনি, লেসোথো এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক সময় সময় ঘোষিত অন্যান্য আক্রান্ত দেশ হতে আগত যাত্রীদের বন্দর সমূহে স্বাস্থ্য পরীক্ষা ও স্ক্রিনিং জোরদার করতে হবে।
- সকল ধরনের (সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/অন্যান্য) জনসমাগম নিরুৎসাহিত করতে হবে।
- প্রয়োজনে বাইরে গেলে প্রত্যেক ব্যক্তিকে বাড়ির বাইরে সর্বদা সঠিকভাবে নাক-মুখ ঢেকে মাস্ক পরাসহ সকল স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে।
- রেস্তোরাঁতে বসে খাওয়ার ব্যবস্থা ধারন ক্ষমতার অর্ধেক বা তার কম করতে হবে।
- সকল প্রকার জনসমাবেশ, পর্যটন স্থান, বিনোদন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার, সিনেমা হল/থিয়েটার হল ও সামাজিক অনুষ্ঠানে (বিয়ে, বৌভাত, জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি) ধারন ক্ষমতার অর্ধেক বা তার কম সংখ্যক লোক অংশগ্রহণ করতে পারবে।
- মসজিদসহ সকল উপাসনালয়ে স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে।
- গণপরিবহনে স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।
- আক্রান্ত দেশ সমূহ হতে আগত যাত্রীদের ১৪ দিন কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে।
- সকল শিক্ষা প্রতিষ্ঠান (সকল মাদ্রাসা, প্রাক-প্রাথমিক, প্রাথমিক,মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, সহ শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টারে স্বাস্থ্য বিধি নিশ্চিত করতে হবে।
- সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে সেবা গ্রহিতা, সেবা প্রদানকারী ও স্বাস্থ্য কর্মীদের সর্বদা সঠিকভাবে নাক-মুখ ঢেকে মাস্ক পরাসহ সকল স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে।
- স্বাস্থ্যবিধি মেনে ভ্যাকসিন কার্যক্রম পরিচালনা করতে হবে।
- করোনা উপসর্গ/লক্ষণযুক্ত সন্দেহজনক ও নিশ্চিত করোনা রোগীর আইসোলেশন ও করোনা পজিটিভ রোগীর ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদের কোয়ারেন্টিনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- কোভিড-১৯ এর লক্ষণযুক্ত ব্যক্তিকে আইসোলেশনে রাখা এবং তার নমুনা পরীক্ষার জন্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে সহায়তা করা যেতে পারে।
- অফিসে প্রবেশ এবং অবস্থানকালীন সময়ে বাধ্যতামূলকভাবে নাক-মুখ ঢেকে মাস্ক পরা নিশ্চিত করতে হবে। স্বাস্থ্য বিধি মেনে চলা দাপ্তরিকভাবে নিশ্চিত করতে হবে।
- কোভিড-১৯ রোগ নিয়ন্ত্রণ ও হ্রাস করার নিমিত্তে কমিউনিটি পর্যায়ে মাস্ক পরাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার সচেতনতা তৈরির জন্য মাইকিং ও প্রচারণা চালানো যেতে পারে। এ ক্ষেত্রে প্রয়োজনে মসজিদ/মন্দির/গির্জা/প্যাগোডা এর মাইক ব্যবহার করা যেতে পারে এবং ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের সদস্যসহ নির্বাচিত জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা যেতে পারে।

২৮/১১/২০২১

অধ্যাপক ডাঃ মোঃ নাজমুল ইসলাম
পরিচালক, রোগ নিয়ন্ত্রণ
ও লাইন ডাইরেক্টর, সিডিসি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।